ICB ASSET MANAGEMENT COMPANY LIMITED
(A Subsidiary of ICB)
Green City Edge (4th floor) 89, Kakrail, Dhaka-1000, Bangladesh.
E-mail: info@icbamcl.com.bd; Web: www.icbamcl.com.bd
Phone: +88 02 8300412-15, Fax: +88 02 8300416.

## অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট

তারিখঃ ২৭ আষাঢ় ১৪৩০
১১ জুলাই, ২০২৩

# প্রজ্ঞাপন নং-০১/২০২৩

আইসিবি'র হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট কর্তৃক ০৯ জুলাই ২০২৩ তারিখে জারিকৃত সাইবার নিরাপত্তা সম্পর্কিত সতর্কবার্তায় সাবসিডিয়ারি কোম্পানির তথ্য নিরাপত্তা নিশ্চিতকরণে সকল কর্মী, গ্রাহক ও সেবাগ্রহীতাদের করণীয় বিষয়ক নির্দেশনা ও পরামর্শ প্রদান করা হয়েছে।

০২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উক্ত সতর্কবার্তা সকলের অবগতি ও পরিপালনের নিমিত্ত এতদ্‌সঙ্গে প্রজ্ঞাপিত হলো।

(মোঃ মাসুদুল হাসান)
অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা

**বিতরণঃ**

০১। প্রধান নির্বাহী কর্মকর্তার সচিবালয়, আইএএমসিএল।
০২। অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তাদ্বয়ের সচিবালয়, আইএএমসিএল।
০৩। উপ-প্রধান নির্বাহী কর্মকর্তাদ্বয়ের দপ্তর, আইএএমসিএল।
০৪। সকল ডিপার্টমেন্ট/ইউনিট, আইএএমসিএল।
০৫। অফিস কপি।

**অনুলিপি (কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

০১। জ্যেষ্ঠতম কর্মকর্তা, কম্পিউটার ডিপার্টমেন্ট, আইএএমসিএল।

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)
৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট


তারিখ: ২৫ আষাঢ় ১৪৩০
০৯ জুলাই ২০২৩

## সাইবার নিরাপত্তা সম্পর্কিত সতর্কবার্তা

অদ্য ০৯ জুলাই ২০২৩ বেশকিছু সংবাদমাধ্যমে বাংলাদেশের সরকারী সংস্থাসমূহের গ্রাহকদের ব্যক্তিগত তথ্য ফাঁস হওয়ার বিষয়টি প্রকাশিত হয়েছে। প্রকাশিত সংবাদে বলা হয়েছে, বাংলাদেশের লাখ লাখ মানুষের ব্যক্তিগত তথ্য ফাঁসের ঘটনার খবর জানিয়েছে যুক্তরাষ্ট্রের তথ্যপ্রযুক্তি ভিত্তিক অনলাইন সংবাদ মাধ্যম টেকক্রাঞ্চ। ৭ জুলাই ২০২৩ তারিখে তাদের এক প্রতিবেদনে বলা হয়, সরকারী একটি সংস্থার ওয়েবসাইটের মাধ্যমে তথ্য ফাঁসের ঘটনাটি ঘটেছে।

০২। এপ্রেক্ষিতে, অদ্য সকাল ১১.০০ ঘটিকায় মাননীয় ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) মহোদয়ের সভাপতিত্বে মহাব্যবস্থাপকগণের উপস্থিতিতে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় ডেইলি স্টার পত্রিকায় উপরোক্ত বিষয়ে প্রকাশিত সংবাদ সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। আলোচনার প্রেক্ষিতে আইসিবির তথ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কর্তৃপক্ষের নির্দেশক্রমে তাৎক্ষণিকভাবে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হচ্ছেঃ

ক) আইসিবির ইনভেস্টরস ডিপার্টমেন্ট ও শাখাসমূহ স্ব স্ব বিনিয়োগ হিসাবের গ্রাহক সম্পর্কিত তথ্য (যেমনঃ ক্রয়-বিক্রয়, হিসাব স্থিতি, পত্র কোষের অবস্থান ইত্যাদি) সঠিক আছে কিনা অথবা কোন প্রকার অনাকাঙ্খিত পরিবর্তন হয়েছে কিনা তা যাচাই করবে;

খ) আইসিবির ইউনিট ফান্ড ডিপার্টমেন্ট, ইউনিট লিয়েন ডিপার্টমেন্ট ও শাখাসমূহের গ্রাহক সম্পর্কিত তথ্য (যেমনঃ হিসাব স্থিতি, ব্যক্তিগত তথ্যাদি) সঠিক আছে কি না অথবা কোন প্রকার অনাকাঙ্খিত পরিবর্তন হয়েছে কিনা তা যাচাই করবে;

গ) আইসিবির পোর্টফোলিও ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট ও শাখাসমূহ তাদের নিজ নিজ পত্রকোষের স্থিতি সঠিক আছে কিনা অথবা কোন প্রকার অনাকাঙ্খিত পরিবর্তন হয়েছে কিনা তা যাচাই করবে;

ঘ) সাবসিডিয়ারি কোম্পানিসমূহ নিজ নিজ গ্রাহক ও পত্রকোষ সংক্রান্ত তথ্যের সঠিকতা অথবা সংরক্ষিত তথ্যে কোন প্রকার অনাকাঙ্খিত পরিবর্তন হয়েছে কিনা তা যাচাই করবে;

ঙ) আইসিবি, আইসিবির সকল শাখা ও সাবসিডিয়ারি কোম্পানি তাদের নিজ নিজ ডাটাবেজের ব্যাকআপ সঠিকভাবে সংরক্ষণ করবে।

০৩। এছাড়া, আইসিবি, আইসিবির সকল শাখা ও সাবসিডিয়ারি কোম্পানির সকল কর্মী, গ্রাহক ও সেবাগ্রহীতাদের নিম্নোক্ত বিষয়াবলী মেনে চলার পরামর্শ দেয়া হচ্ছেঃ

ক) সকল সফটওয়্যার ব্যবহারের ক্ষেত্রে অধিকতর সর্তকর্তা অবলম্বন করা এবং কোন ধরণের তথ্যের অমিল পরিলক্ষিত হলে তা এমআইএস, আইসিটি সিকিউরিটি এন্ড ডাটা আডমিন ডিপার্টমেন্ট/ প্রোগ্রামিংডিপার্টমেন্ট/ আইসিবি CIRT টিমকে অবহিত করা;

খ) ই-মেইলের স্প্যাম মেইল খোলার ক্ষেত্রে যথাযথ সতর্কতা অবলম্বন করা;

গ) আইসিবির আইসিটি সিকিউরিটি পলিসি অনুসরণ করা;

ঘ) পাসওয়ার্ড কারো সাথে শেয়ার না করা এবং শক্তিশালী পাসওয়ার্ড পলিসি অবলম্বন করা।

০৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ সতর্কবার্তা জারি করা হলো।

(বিভাস সাহা)
উপ-মহাব্যবস্থাপক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
০২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
০৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
০৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।